আশ্রয়ণের অধিকার
শেখ হাসিনার উপহার

# আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত

# নির্দেশিকা

জুলাই ২০১০ - জুন ২০২২

**আশ্রয়ণ-২ প্রকল্প**
প্রধানমন্ত্রীর কার্যালয়

www.ashrayanpmo.gov.bd

# আশ্রয়ণের অধিকার
# শেখ হাসিনার উপহার

আশ্রয়ণ-২ প্রকল্প
প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা
www.ashrayanpmo.gov.bd



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান



শেখ হাসিনা
মাননীয় প্রধানমন্ত্রী




প্রধানমন্ত্রীর মুখ্য সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার


# বাণী

নদীমাতৃক বাংলাদেশে প্রতিবছর এদেশের দরিদ্র জনগোষ্ঠীর অসংখ্য মানুষ নদী ভাঙ্গনসহ কোন না কোন প্রাকৃতিক দুর্যোগে আক্রান্ত হয়ে হচ্ছে গৃহহারা। গৃহহীন এ সকল মানুষের অন্যতম মৌলিক অধিকার বাসস্থানের নিশ্চয়তা প্রদান করা রাষ্ট্রের দায়িত্ব। ১৯৭২ সালের ২০ জানুয়ারি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নোয়াখালী জেলার (বর্তমানে লক্ষ্মীপুর) চরপোড়াগাছা গ্রাম পরিদর্শনে যান এবং ভূমিহীন-গৃহহীন-অসহায় মানুষের পুনর্বাসনের নির্দেশ প্রদান করেন। জাতির পিতার নির্দেশনার প্রেক্ষিতে শুরু হয় বাংলাদেশের গৃহহীন-ভূমিহীন পুনর্বাসন কার্যক্রম।

রাষ্ট্রীয় উন্নয়ন কর্মকাণ্ডের মূল স্রোতধারার সাথে আশ্রয়হীন অসহায় জনগোষ্ঠীকে সম্পৃক্ত করার জন্যই জননেত্রী শেখ হাসিনার প্রত্যক্ষ নির্দেশনায় পরিচালিত হচ্ছে আশ্রয়ণ প্রকল্পের সকল কার্যক্রম।

আশ্রয়ণ প্রকল্পের মাধ্যমে ১৯৯৭ সাল থেকে শুরু করে এ পর্যন্ত প্রায় ২ লক্ষ ৯৮ হাজার গৃহহীন পরিবারকে পুনর্বাসন করা হয়েছে। আশ্রয়ণ প্রকল্প বাস্তবায়নের এ বিশাল কর্মকাণ্ড সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য প্রকল্প বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের সুবিধার্থে নীতিমালা অত্যন্ত জরুরি। প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত অনুমোদিত বিধি-বিধান ও নীতিমালা সম্বলিত পুস্তিকাটির দ্বিতীয় সংস্করণ মাঠ পর্যায়ে কর্মকর্তাবৃন্দের সহায়ক পুস্তিকা হিসেবে ভূমিকা রাখবে বলে আশা রাখি।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক গৃহীত এ মহৎ উদ্যোগটিকে এগিয়ে নেয়ার দায়িত্ব আমাদের সকলের। আমি আশা করি দেশের সহৃদয় ধনাঢ্য ব্যক্তিবর্গও নিরাশ্রয় দরিদ্র জনগণের পুনর্বাসনে এগিয়ে আসবেন। পরিশেষে দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়ার চলমান সম্মিলিত প্রয়াস সফল করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করছি।

৩১ অক্টোবর ২০১৯

(মোঃ নজিবুর রহমান)



সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাণী

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর আজন্ম লালিত স্বপ্ন ছিল দুঃখী মানুষের মুখে হাসি ফোটাবার। তিনি সংগ্রাম করেছেন, কারাবরণ করেছেন এবং জীবন বিপন্ন করে মুক্তিযুদ্ধের নেতৃত্ব দিয়ে দেশকে স্বাধীন করেছেন। অন্ন, বস্ত্র, আশ্রয়, শিক্ষা ও চিকিৎসাসহ জীবনধারণের মৌলিক উপকরণের ব্যবস্থা করা রাষ্ট্রের অন্যতম সাংবিধানিক দায়িত্ব হিসেবে সংবিধানে সন্নিবেশিত করেছেন। গণতন্ত্রের মানসকন্যা, মাননীয় প্রধানমন্ত্রী, জননেত্রী শেখ হাসিনার বর্তমান গণতান্ত্রিক আওয়ামী লীগ সরকার জনগণের মৌলিক চাহিদার প্রতিটি উপকরণ পূরণের জন্য বদ্ধপরিকর। জনগণের অন্যতম মৌলিক চাহিদা বাসস্থানের সংকট সমাধানের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ১৯৯৭ সালে সর্বপ্রথম আশ্রয়ণ প্রকল্প গ্রহণের নির্দেশনা প্রদান করেছিলেন। এরই ধারাবাহিকতায় বর্তমান আশ্রয়ণ-২ প্রকল্পটি দেশব্যাপী চলমান রয়েছে।

আশ্রয়ণ প্রকল্পের মাধ্যমে বর্তমান সরকার দেশের ভূমিহীন-গৃহহীন-ছিন্নমূল-অসহায় বিপুল জনগোষ্ঠীকে পুনর্বাসনের পাশাপাশি তাদেরকে জনশক্তিতে রূপান্তরের কাজটি নিপুণভাবে পরিচালনা করছে। আশ্রয়ণ প্রকল্পের উদ্দেশ্য, ভূমি ব্যবহার পরিকল্পনা, পরিবার বাছাই, প্রশিক্ষণ প্রদান, ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম, নিজ জমিতে গৃহ নির্মাণসহ প্রভৃতি বিষয়ে বিদ্যমান অনুমোদিত নীতিমালার দ্বিতীয় সংস্করণ প্রকাশের উদ্যোগকে স্বাগত জানাই। আশা করি এ পুস্তিকাটি আশ্রয়ণ প্রকল্প বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সহায়ক হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

৩১ অক্টোবর ২০১৯

(সাজ্জাদুল হাসান)

# আশ্রয়ণ-২ প্রকল্পে পুনর্বাসিতদের ঋণ প্রদান নীতিমালা

আশ্রয়ণ-২ প্রকল্প হচ্ছে বাংলাদেশ সরকারের অন্যতম দারিদ্র বিমোচন প্রকল্প। এ প্রকল্পের লক্ষ্য হচেছ বাংলাদেশের ৮০,০০০ (আশি হাজার) ভূমিহীন, গৃহহীন, ছিন্নমূল পরিবারের জন্য জমি, বাসস্থান, প্রশিক্ষণ, ঋণ, স্বাস্থ্যসেবা, পরিবার পরিকল্পনা, আয়বর্ধক কার্যক্রম, বিশুদ্ধ খাবার পানির সংস্থান, বিদ্যুৎ সরবরাহ, যাতায়াত ব্যবস্থার উন্নয়ন ও বৃক্ষ রোপনের সুবিধা প্রদান করে দারিদ্র্য বিমোচন। এ প্রকল্পের উপকারভোগীদের বিভিন্ন ট্রেডে ঋণ প্রদানের মাধ্যমে আত্ম-কর্মসংস্থানে সহায়তা করা হয়। প্রকল্পের উপকারভোগীদের নিয়ে গঠিত সমবায় সমিতির মাধ্যমে এ ঋণ কার্যক্রম পরিচালিত হয়।

## ১. ঋণ গ্রহণের যোগ্যতা

(১) প্রকল্পে পুনর্বাসিত উপকারভোগীরাই ঋণ গ্রহণের যোগ্য বিবেচিত হবেন;
(২) কমপক্ষে তিন মাস যাবৎ প্রকল্পে বসবাস করছে এমন সদস্য;
(৩) ঋণ গ্রহণকারীর (পুরুষ/মহিলা) বয়স আঠার বৎসর বা তদুর্ধ্ব হতে হবে;
(৪) ঋণ গ্রহণকারী এ প্রকল্পের আওতায় বা অন্য কোন প্রতিষ্ঠানের মাধ্যমে প্রশিক্ষিত হতে হবে;
(৫) সমবায় সমিতিভুক্ত প্রশিক্ষণপ্রাপ্ত একই পরিবারের ২ জনের বেশি ঋণ পাবে না;
(৬) স্বাক্ষর জানতে হবে;
(৭) যাদের সন্তান সংখ্যা দুই এর অধিক নয়, ঋণ প্রদানের ক্ষেত্রে তারা অগ্রাধিকার পাবেন।

## ২. ঋণ প্রদানের ক্ষেত্রসমূহ

নিম্নলিখিত ক্ষেত্রসমুহে ঋণ প্রদানের মাধ্যমে উপকারভোগীদের আত্ম-কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়।

(ক) মৎস্য চাষ;
(খ) গবাদি পশু পালন;
(গ) ক্ষুদ্র ব্যবসা;
(ঘ) হাঁস মুরগী পালন;
(ঙ) রিক্সা চালনা;
(চ) ভ্যান গাড়ি চালনা;
(ছ) ওয়েল্ডিং;
(জ) বৈদ্যুতিক কাজ;
(ঝ) নার্সারী;

(ঞ) ধান মাড়াইকরণ;
(ট) শাক-সবজি উৎপাদন;
(ঠ) সেলাই কাজ ও ডিজাইন;
(ড) বাঁশ ও বেতের কাজ/পাটি বুনন;
(ঢ) হস্তশিল্প/কুটিরশিল্প/মৃৎশিল্প/নক্‌সী কাঁথা সেলাই;
(ণ) নাপিত;
(ত) ধাত্রীবিদ্যা;
(থ) গ্রামীণ স্যানিটারী ল্যাট্রিন তৈরি;
(দ) অন্য কোন আয় সৃজনকারী কর্ম।

**৩. ঋণের আবেদন ও ঋণ মঞ্জুর**

(১) প্রকল্পের নির্ধারিত আবেদনপত্রে 'উপজেলা আশ্রয়ণ-২ প্রকল্প ঋণ প্রদান ও আদায় কমিটি'র নিকট ঋণের আবেদন করতে হবে। আবেদনে যাচিত ঋণের পরিমাণ, উদ্দেশ্য ও উৎপাদন পরিকল্পনা থাকবে।

(২) প্রশিক্ষণ গ্রহণকারীকে প্রশিক্ষণলব্ধ জ্ঞান কাজে লাগানোর জন্য এ ঋণ প্রদানের মাধ্যমে উৎসাহিত করা হবে।

(৩) 'উপজেলা আশ্রয়ণ-২ প্রকল্প ঋণ প্রদান ও আদায় কমিটি' যাচিত ঋণের যৌক্তিকতা নিরূপণ করে আবেদনের ১ (এক) মাসের মধ্যে ঋণ মঞ্জুরীর ব্যবস্থা করবে। যাচিত ঋণের পরিমাণ পুনঃনির্ধারণকরণের এখতিয়ার 'উপজেলা আশ্রয়ণ-২ প্রকল্প ঋণ প্রদান ও আদায় কমিটি'র থাকবে।

(৪) প্রকল্পের উপকারভোগীদের নিয়ে গঠিত সমবায় সমিতির মাধ্যমে ঋণের আবেদন করতে হবে।

(৫) ঋণের আবেদন, ঋণ মঞ্জুর, ঋণের ব্যবহার ও ঋণ পরিশোধসহ এতদ্‌সংক্রান্ত সকল কর্মকাণ্ড 'উপজেলা আশ্রয়ণ-২ প্রকল্প ঋণ প্রদান ও আদায় কমিটি'র (পরিশিষ্ট 'ছ') সভার এজেন্ডাভুক্ত হবে।

**৪. ঋণের জামানত**

(১) ঋণের আবেদনকারী পাঁচজনের একটি দল গঠন করে সমিতির ব্যবস্থাপনা কমিটিতে সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে ঋণ গ্রহণের আবেদন করবেন। ঋণ গ্রহণকারী সরকার থেকে প্রাপ্ত ঘরের বরাদ্দপত্র ঋণের জামানত হিসেবে বন্ধক রাখবেন।

(২) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/মেম্বার/স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ঋণ গ্রহীতার জামিনদার হবেন।

(৩) দলভুক্ত সদস্যদের প্রত্যেকের গৃহীত ঋণের জন্য ঋণ গ্রহণকারী এককভাবে এবং দল যৌথভাবে ঋণ পরিশোধের জন্য দায়ী থাকবেন।

(৪) ঋণ মঞ্জুরীর ১৫ (পনের) দিনের মধ্যে ঋণের টাকা ব্যবহারের একটি বিস্তারিত প্রতিবেদন উপজেলা সমবায় কর্মকর্তা 'উপজেলা আশ্রয়ণ-২ প্রকল্প ঋণ প্রদান ও আদায় কমিটি'র নিকট দাখিল করবেন।

(৫) কোন একজন সদস্য ঋণ পরিশোধে ব্যর্থ হলে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণে দলভুক্ত অন্যান্য সদস্যগণ কর্তৃপক্ষকে সহায়তা করবেন।

(৬) কোন দলের কমপক্ষে ৩ (তিন) জন সদস্য ঋণ পরিশোধ করলে তাদেরকে নতুন দল গঠনের মাধ্যমে পুনরায় ঋণ প্রদান করা যাবে।

**৫. ঋণের ব্যবহার**

যে উদ্দেশ্যে ঋণ গ্রহণ করা হয়েছে, তা ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে এ ঋণ ব্যবহার করা যাবে না। তবে স্থানীয় অবস্থার প্রেক্ষিতে 'উপজেলা আশ্রয়ণ-২ প্রকল্প ঋণ প্রদান ও আদায় কমিটি'র অনুমোদনক্রমে তা পরিবর্তন করা যাবে। 'উপজেলা আশ্রয়ণ-২ প্রকল্প ঋণ প্রদান ও আদায় কমিটি' ঋণের সঠিক ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি মনিটরিং কমিটি গঠন করবে।

**৬. ঋণের পরিমাণ**

(১) প্রকল্পের উপকারভোগীদের প্রশিক্ষণ প্রদানের পর বিভিন্ন আয়বর্ধক কর্মকাণ্ড সৃষ্টিতে সহায়তা করার জন্য সরকারি/আধা সরকারি বিভাগসমূহকে সম্পৃক্ত করা হবে।

(২) নির্বাচিত সরকারি/আধা সরকারি বিভাগের মাধ্যমে আয়বর্ধক কর্মকাণ্ডে মূলধন সরবরাহ করার জন্য উপকারভোগীদের ঋণ প্রদান করা হবে যার পরিমাণ প্রতি ব্যক্তির জন্য সর্বনিম্ন ১০,০০০/- হতে সর্বোচ্চ ৩০,০০০/- টাকার মধ্যে সীমাবদ্ধ থাকবে। তবে একই পরিবারভুক্ত একাধিক সদস্য থাকলে তাদের সকলের প্রাপ্ত ঋণের পরিমাণ ৩০,০০০/- টাকার বেশি হবে না।

**৭. ঋণ পরিশোধ ও সমিতির মূলধন সৃষ্টি**

(১) মঞ্জুরীকৃত ঋণ সহজ কিস্তিতে ৭% সার্ভিস চার্জসহ আদায় করা হবে। তবে ঋণ পরিশোধের সময়সীমা ঋণ মঞ্জুরীর সময় নির্ধারিত কিস্তি অনুযায়ী সীমাবদ্ধ থাকবে।

(২) ঋণ গ্রহণকারীকে ঋণ মঞ্জুরী, ঋণের কিস্তি পরিশোধ ইত্যাদি বিষয় উল্লেখ করে পাশ বুক সরবরাহ করা হবে।

(৩) আদায়কৃত ঋণ পুনরাদেশ না দেওয়া পর্যন্ত এ কর্মসূচি ঘূর্ণায়মান তহবিল হিসেবে ব্যবহৃত হবে।

(৪) আদায়কৃত সার্ভিস চার্জের ২.৫% সমিতির রিজার্ভ ফান্ডে, ২.৫% প্রকল্পের রির্জাভ ফান্ডে এবং ২% সমিতিতে ঋণ গ্রহণকারীর সঞ্চয় হিসাবে জমা

থাকবে। এ টাকার সমিতির অংশ সমিতির ব্যাংক হিসাবে এবং প্রকল্পের অংশ প্রকল্প পরিচালকের ব্যাংক হিসাবে জমা করতে হবে। সমিতির রির্জাভ ফান্ড হতে আশ্রয়ণ-২ প্রকল্পের গৃহ, কমিউনিটি সেন্টার, টিউবওয়েল, বাথরুম/ল্যাট্রিন ইত্যাদি মেরামত ও রক্ষণাবেক্ষণের ব্যয়ভার মেটাতে হবে। প্রয়োজনে সমিতির সদস্যরা নিজস্ব উদ্যোগে তহবিল সৃষ্টি করে মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। উপজেলা সমবায় কর্মকর্তা এ বিষয়টি নিশ্চিত করবেন।

(৫) ঋণের ব্যবহার ও আদায়ের জন্য উপজেলা সমবায় কর্মকর্তা দায়িত্ব পালন করবেন। উপজেলা সমবায় কর্মকর্তা তার অধীনস্ত যে কোন কর্মকর্তাকে এ দায়িত্ব অর্পণ করতে পারবেন। ঋণ আদায় না হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপজেলা সমবায় কর্মকর্তার মাধ্যমে ঋণ আদায় না হওয়ার সুস্পষ্ট কারণ উল্লেখসহ ঋণ আদায়ের সুনির্দিষ্ট প্রস্তাব উপজেলা আশ্রয়ণ-২ প্রকল্প ঋণ প্রদান ও আদায় কমিটিতে পেশ করবেন।

(৬) প্রকল্পের এ ঋণের কোন চক্রবৃদ্ধি সুদ হিসাব করা হবে না।

(৭) উপকারভোগীদের নিয়ে গঠিত সমবায় সমিতির মূলধন সৃষ্টির লক্ষ্যে সমিতির সদস্যদের সঞ্চয়ে উৎসাহ প্রদান করা হবে।

(৮) কোন ঋণ গ্রহীতার মৃত্যু হলে এবং উক্ত ঋণ আদায়ের কোন উৎস না থাকলে উপজেলা আশ্রয়ণ-২ প্রকল্প ঋণ প্রদান ও আদায় কমিটির বিবেচনামতে সমিতির রিজার্ভ ফান্ড থেকে উক্ত ঋণ সমন্বয় করা হবে।

## ৮. ব্যাংক হিসাব

ঋণ মঞ্জুরী, আদায়সহ সকল লেনদেন যে কোন বানিজ্যিক ব্যাংকে সঞ্চয়ী হিসাবের মাধ্যমে পরিচালিত হবে। নগদ লেনদেনের মাধ্যমে কোন কার্যক্রম পরিচালিত হবে না। প্রতিটি প্রকল্পের লেনদেন পৃথক হিসাব নম্বরে পরিচালিত হবে। উক্ত হিসাব উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা সমবায় অফিসারের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।

## ৯. ঋণের টাকা অবমুক্তকরণ

ঋণের আবেদনসমূহ উপজেলা সমবায় কর্মকর্তার নিকট দাখিল করার পর, 'উপজেলা আশ্রয়ণ-২ প্রকল্প ঋণ প্রদান ও আদায় কমিটি'র সভায় বিবেচনাক্রমে প্রয়োজনীয় টাকা ছাড়করণের জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ করবে। প্রকল্প পরিচালক উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে টাকা ছাড়করণের ব্যবস্থা করবেন।

## ১০. বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তরের মাধ্যমে ঋণ প্রদান

সমাজকল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বি আর ডি বি ও যুব উন্নয়ন অধিদপ্তর তাদের বিভাগীয় নীতিমালা অনুসরণে পুনর্বাসিতদেরকে ঋণ প্রদান

করতে পারবে। বিকল্প হিসেবে আশ্রয়ণ-২ প্রকল্প থেকেও তাদের মাধ্যমে ঋণ কর্মসূচি বাস্তবায়ন করা যাবে। তবে একই সঙ্গে এক ব্যক্তিকে একাধিক উৎস থেকে ঋণ প্রদান করা যাবে না।

**১১. বেসরকারি সংস্থার মাধ্যমে ঋণ প্রদান**

বেসরকারি সংস্থাসমূহ তাদের নিজস্ব সম্পদে পুনর্বাসিতদেরকে ঋণ প্রদানের কর্মসূচি গ্রহণ করতে পারবে। তবে এ ঋণ কর্মসূচি সম্পর্কে আশ্রয়ণ-২ প্রকল্প কর্তৃপক্ষের পূর্ব অনুমতি নিতে হবে।

এ নীতিমালা বাস্তবায়নে কোন প্রকার জটিলতা বা অস্পষ্টতা দেখা দিলে আশ্রয়ণ-২ প্রকল্পের প্রকল্প পরিচালকের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

** কেন্দ্রীয় উপদেষ্টা পরিষদ কর্তৃক ‘ঋণ প্রদান নীতিমালা’ অনুমোদিত।*

# প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত কমিটিসমূহ

প্রকল্পের কাজ সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে দিক-নির্দেশনা, পরামর্শ প্রদান, তদারকি, পর্যবেক্ষণ ও পরিবীক্ষণের জন্য বিভিন্ন পর্যায়ে বিভিন্ন ধরনের পরিষদ/কমিটি গঠন করা হয়েছে। কমিটি/পরিষদের গঠন ও কার্যপরিধি নিম্নরূপঃ

## কেন্দ্রীয় উপদেষ্টা পরিষদ

সশস্ত্র বাহিনী বিভাগ, বিভিন্ন সরকারি বিভাগ/সংস্থা, জেলা এবং উপজেলা প্রশাসনের সমন্বয়ে আশ্রয়ণ-২ প্রকল্প প্রধানমন্ত্রীর কার্যালয় বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করবেন। এ সমস্ত কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের ক্ষেত্রে কেন্দ্রীয় উপদেষ্টা পরিষদ সুনির্দিষ্ট নির্দেশনা ও পরামর্শ প্রদান করবেন। প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক উপস্থাপিত প্রস্তাবের উপর ভিত্তি করে এই কমিটি বার্ষিক উন্নয়ন কর্মসূচি ও বাজেট বরাদ্দ অনুমোদন করবেন। মাঠ পর্যায়ের কাজসমূহ বাস্তবায়নের জন্য এই কমিটি তাদের স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। প্রকল্প এবং অন্যান্য সংস্থার মধ্যে কার্যকর সমন্বয় সাধনের জন্য বিভিন্ন মন্ত্রণালয় এবং বিভাগের সমন্বয়ে এ কমিটি গঠিত হবে (কমিটির রূপরেখা পরিশিষ্ট 'ক')।

## সেন্ট্রাল স্টিয়ারিং কমিটি

কেন্দ্রীয় স্টিয়ারিং কমিটি আশ্রয়ণ-২ প্রকল্পের কর্মকাণ্ডের তদারকি, সার্বিক দিক নির্দেশনা এবং নীতিমালা প্রণয়নের কাজ করবেন। কমিটি বার্ষিক কর্মপরিকল্পনা ও বাজেট অনুমোদন করবেন এবং কার্যাদি সম্পাদনের জন্য প্রকল্প কর্তৃপক্ষের নিকট বিভিন্ন বিষয়ে প্রয়োজনীয় মতামত প্রদান করবেন। এ কমিটি প্রয়োজনে যে কোন সদস্য কমিটিতে অন্তর্ভুক্ত করতে পারবেন এবং বছরে কমপক্ষে দু'বার সভায় মিলিত হবেন। এ কমিটি প্রকল্পের বার্ষিক লক্ষ্যমাত্রা নির্ধারণ, অগ্রগতি পর্যালোচনা, পুনঃলক্ষ্যমাত্রা নির্ধারণ, পরিবীক্ষণ ও মূল্যায়ন, অন্যান্য বিশেষ কার্যাদি এবং উপদেষ্টা পরিষদ কর্তৃক আরোপিত অন্য যে কোন দায়িত্ব পালন করবেন।

প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় এ কমিটির আহবায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন এবং প্রত্যেক প্রশাসনিক বিভাগের আওতাধীন কাজের অগ্রগতির পর্যালোচনা, পর্যবেক্ষণ ও পরিবীক্ষণ এবং সে জন্য যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য প্রতি তিন মাস অন্তর সংশ্লিষ্ট সচিব, অন্যান্য কর্মকর্তা ও বিভাগীয় কমিশনারদের সহিত সভায় মিলিত হবেন। প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের অনুপস্থিতিতে সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় এ কমিটির বিকল্প আহবায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন। বাজেট এবং কর্মপরিকল্পনা পরীক্ষা ও বিশ্লেষণ করে প্রকল্প অফিস এবং বিভিন্ন উন্নয়নমূলক সংস্থা/মন্ত্রণালয়ের মধ্যে কার্যকরী সমন্বয়ের জন্য এ কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন (কমিটির রূপরেখা পরিশিষ্ট 'খ')।

## বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটি

প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক (প্রশাসন) কে আহবায়ক করে "প্রকল্প বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটি" গঠিত হবে। এ কমিটি প্রকল্প কার্যক্রম পরিবীক্ষণ করবেন এবং প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে বিভিন্ন সুপারিশ/পরামর্শ প্রদান করবেন। প্রকল্প বাস্তবায়ন কার্যক্রমকে ত্বরান্বিত করার লক্ষ্যে কমিটির সুপারিশ 'সেন্ট্রাল স্টিয়ারিং কমিটি'র সভায় উপস্থাপন করা হবে (কমিটির রূপরেখা পরিশিষ্ট 'গ')।

## কারিগরি কমিটি

আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়ন কারিগরি কমিটি প্রয়োজনে সুবিধাজনক সময়ে সভা আহবান করবে এবং সুষ্ঠুভাবে প্রকল্প বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। প্রকল্পের কাজের স্বার্থে কমিটি যে কোন কর্মকর্তাকে সভায় আমন্ত্রণ জানাতে পারবে। প্রয়োজনবোধে কেন্দ্রীয় স্টিয়ারিং কমিটির সভায় প্রকল্প বাস্তবায়নের জন্য বিভিন্ন সুপারিশ অনুমোদনের জন্য উপস্থাপন করবেন (কমিটির রূপরেখা পরিশিষ্ট 'ঘ')।

## জেলা টাস্কফোর্স

আশ্রয়ণ-২ প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন এবং নিয়মিত মনিটরিং করার জন্য জেলা পর্যায়ে "আশ্রয়ণ-২ প্রকল্প জেলা টাস্কফোর্স" গঠিত হবে। এই টাস্কফোর্স মাঠ পর্যায়ে আশ্রয়ণ-২ প্রকল্পে বিভিন্ন বিভাগ/দপ্তরের কাজের অগ্রগতি পর্যালোচনা করবে। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্তির ব্যবস্থা গ্রহণ করবে এবং প্রকল্প বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা দেখা দিলে তা দূর করবেন। জেলা টাস্কফোর্স প্রয়োজনে সদস্য কো-অপ্ট করবে এবং এই প্রকল্প বাস্তবায়ন কাজে যুক্ত বিভিন্ন বিভাগ ও সংস্থার কাজের মধ্যে সমন্বয় সাধন করবে। "আশ্রয়ণ-২ প্রকল্প জেলা টাস্কফোর্স" মাসে ন্যূনতম একটি সভা অনুষ্ঠান করবেন (কমিটির রূপরেখা পরিশিষ্ট 'ঙ')।

## উপজেলা টাস্কফোর্স

আশ্রয়ণ-২ প্রকল্পের কার্যাবলী সুষ্ঠু বাস্তবায়ন এবং নিয়মিত মনিটরিং করার জন্য উপজেলা পর্যায়ে "আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়নে উপজেলা টাস্কফোস" গঠিত হবে। এই টাস্কফোর্স উপজেলা পর্যায়ে আশ্রয়ণ-২ প্রকল্পে বিভিন্ন বিভাগ/দপ্তরের কাজের অগ্রগতি পর্যালোচনা করবে। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্তির ব্যবস্থা গ্রহণ করবে এবং প্রকল্প বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা দেখা দিলে তা দূর করবে। উপজেলা টাস্কফোর্স এই প্রকল্প বাস্তবায়নে যুক্ত বিভিন্ন বিভাগ ও সংস্থার কাজের মধ্যে সমন্বয় সাধন করবে। উপজেলা টাস্কফোর্স খাস জমি উদ্ধার, দানকৃত/ক্রয়কৃত জমি এবং রিজিউমকৃত জমি চিহ্নিত করে আশ্রয়ণ-২ প্রকল্প গ্রাম প্রতিষ্ঠার নিমিত্তে যথাযথভাবে স্থান নির্বাচন ও প্রস্তাব প্রেরণ করবে, অনুমোদিত নীতিমালা অনুযায়ী ভূমিহীন ও গৃহহীন পরিবার বাছাই করে অগ্রাধিকার তালিকা প্রস্তুত করবে, নির্বাচিত সুবিধাভোগীগণকে আশ্রয়ণ-২ গ্রামে পুনর্বাসন করবে। এছাড়াও আশ্রয়ণ-২ প্রকল্প প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক সময়ে সময়ে অর্পিত দায়িত্বাবলী পালন করবেন। "আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়নে উপজেলা টাস্কফোর্স" মাসে ন্যূনতম একটি সভা অনুষ্ঠান করবেন (কমিটির রূপরেখা পরিশিষ্ট 'চ')।

### ঋণ প্রদান ও আদায় কমিটি

ঋণের আবেদন, ঋণ মঞ্জুর, ঋণের ব্যবহার ও ঋণ পরিশোধসহ সকল কর্মকাণ্ড উপজেলা আশ্রয়ণ-২ প্রকল্প ঋণ প্রদান ও আদায় কমিটির মাধ্যমে পরিচালিত হবে (কমিটির রূপরেখা পরিশিষ্ট 'ছ')।

## পরিশিষ্ট 'ক'

### কেন্দ্রীয় উপদেষ্টা পরিষদ

| | | |
|---|---|---|
| ১. | মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | আহবায়ক |
| ২. | মন্ত্রী, ভূমি মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| ৬. | মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| ৭. | মন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৮. | মন্ত্রী, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৯. | মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ১০. | মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় | সদস্য |
| ১১. | মন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ১২. | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| ১৩. | প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য সচিব |

## পরিশিষ্ট 'খ'

### সেন্ট্রাল স্টিয়ারিং কমিটি

| | | |
|---|---|---|
| ১. | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | আহবায়ক |
| ২. | সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| ৩. | সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | সচিব, ভূমি মন্ত্রণালয় | সদস্য |
| ৬. | সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| ৭. | সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |

| | | |
|---|---|---|
| ৮. | সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| ৯. | সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| ১০. | সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সদস্য |
| ১১. | সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সদস্য |
| ১২. | সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ১৩. | সচিব, খাদ্য মন্ত্রণালয় | সদস্য |
| ১৪. | সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সদস্য |
| ১৫. | সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | সদস্য |
| ১৬. | সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ১৭. | প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ | সদস্য |
| ১৮. | প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর | সদস্য |
| ১৯. | প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| ২০. | প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর | সদস্য |
| ২১. | বিভাগীয় কমিশনার (সকল) | সদস্য |
| ২২. | চেয়ারম্যান, পল্লী বিদ্যুতায়ন বোর্ড | সদস্য |
| ২৩. | মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর | সদস্য |
| ২৪. | রেজিষ্ট্রার, সমবায় অধিদপ্তর | সদস্য |
| ২৫. | মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো | সদস্য |
| ২৬. | মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | সদস্য |
| ২৭. | প্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন | সদস্য |
| ২৮. | প্রধান (কর্মসূচি), পরিকল্পনা কমিশন | সদস্য |
| ২৯. | মহাপরিচালক, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় | সদস্য |
| ৩০. | প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য সচিব |

## পরিশিষ্ট ‘গ’

**বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটি**

| | | |
|---|---|---|
| ১. | মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় | আহবায়ক |
| ২. | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপ-সচিব/উপ-প্রধান পদের নিম্নে নয়) | সদস্য |

| | |
|---|---|
| ৩. ভূমি মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপ-সচিব/উপ-প্রধান পদের নিম্নে নয়) | সদস্য |
| ৪. জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপ-সচিব/উপ-প্রধান পদের নিম্নে নয়) | সদস্য |
| ৫. পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর প্রতিনিধি (উপ-সচিব/উপ-প্রধান পদের নিম্নে নয়) | সদস্য |
| ৬. স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপ-সচিব/উপ-প্রধান পদের নিম্নে নয়) | সদস্য |
| ৭. স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপ-সচিব/উপ-প্রধান পদের নিম্নে নয়) | সদস্য |
| ৮. প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপ-সচিব/উপ-প্রধান পদের নিম্নে নয়) | সদস্য |
| ৯. গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপ-সচিব/উপ-প্রধান পদের নিম্নে নয়) | সদস্য |
| ১০. খাদ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপ-সচিব/উপ-প্রধান পদের নিম্নে নয়) | সদস্য |
| ১১. যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপ-সচিব/উপ-প্রধান পদের নিম্নে নয়) | সদস্য |
| ১২. সশস্ত্রবাহিনী বিভাগ এর প্রতিনিধি | সদস্য |
| ১৩. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর প্রতিনিধি (অতিরিক্ত প্রধান প্রকৌশলী পদের নিম্নে নয়) | সদস্য |
| ১৪. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর এর প্রতিনিধি (অতিরিক্ত প্রধান প্রকৌশলী পদের নিম্নে নয়) | সদস্য |
| ১৫. মহাপরিচালক এর প্রতিনিধি, সমাজসেবা অধিদপ্তর (পরিচালক পদের নিম্নে নয়) | সদস্য |
| ১৬. মহাপরিচালক এর প্রতিনিধি, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (পরিচালক পদের নিম্নে নয়) | সদস্য |
| ১৭. রেজিস্ট্রার এর প্রতিনিধি, সমবায় অধিদপ্তর (অতিঃ রেজিষ্টার পদের নিম্নে নয়) | সদস্য |
| ১৮. মহাপরিচালক এর প্রতিনিধি, এনজিও বিষয়ক ব্যুরো (পরিচালক পদের নিম্নে নয়) | সদস্য |
| ১৯. মহাপরিচালক এর প্রতিনিধি, উপানুষ্ঠানিক শিক্ষা (পরিচালক পদের নিম্নে নয়) | সদস্য |
| ২০. প্রতিনিধি, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন (উপ-প্রধান পদের নিম্নে নয়) | সদস্য |
| ২১. চেয়ারম্যান, পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর প্রতিনিধি | |

| | | |
|---|---|---|
| | (সদস্য পদের নিম্নে নয়) | সদস্য |
| ২২. | প্রতিনিধি, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় (পরিচালক পদের নিম্নে নয়) | সদস্য |
| ২৩. | বিভাগীয় কমিশনার এর প্রতিনিধি | সদস্য |
| ২৪. | প্রকল্প পরিচালক/উপ-প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প | সদস্য সচিব |

## পরিশিষ্ট 'ঘ'

### কারিগরি কমিটি

| | | |
|---|---|---|
| ১. | প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয় | আহবায়ক |
| ২. | পরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| ৩. | সশস্ত্র বাহিনী বিভাগের প্রতিনিধি | সদস্য |
| ৪. | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ৫. | খাদ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ৬. | উপ-প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| ৭. | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ৮. | পরিকল্পনা মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ৯. | সমবায় অধিদপ্তর এর প্রতিনিধি | সদস্য |
| ১০. | সমাজসেবা অধিদপ্তর এর প্রতিনিধি | সদস্য |
| ১১. | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর প্রতিনিধি | সদস্য |
| ১২. | পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর প্রতিনিধি | সদস্য |
| ১৩. | গণপূর্ত অধিদপ্তর এর প্রতিনিধি | সদস্য |
| ১৪. | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর প্রতিনিধি | সদস্য |
| ১৫. | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর প্রতিনিধি | সদস্য |
| ১৬. | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| ১৭. | প্রকল্প প্রকৌশলী, আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য সচিব |

## পরিশিষ্ট 'ঙ'

### জেলা টাস্কফোর্স

| | | |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | সভাপতি |
| ২. | পুলিশ সুপার | সদস্য |
| ৩. | সিভিল সার্জন | সদস্য |
| ৪. | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ৫. | জেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |

| | | |
|---|---|---|
| ৬. | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| ৭. | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি | সদস্য |
| ৮. | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| ৯. | নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১০. | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর | সদস্য |
| ১১. | সশস্ত্র বাহিনী বিভাগের প্রতিনিধি | সদস্য |
| ১২. | জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি | সদস্য |
| ১৩. | জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি | সদস্য |
| ১৪. | বিভাগীয় বন কর্মকর্তা | সদস্য |
| ১৫. | সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার | সদস্য |
| ১৬. | জেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ১৭. | উপ পরিচালক, বিআরডিবি | সদস্য |
| ১৮. | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ১৯. | জেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ২০. | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা | সদস্য |
| ২১. | উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর | সদস্য |
| ২২. | উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ২৩. | জেলা নিবন্ধক | সদস্য |
| ২৪. | সমাজকর্মী (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত ০৩ জন) | সদস্য |
| ২৫. | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) | সদস্য সচিব |

## পরিশিষ্ট 'চ'

### উপজেলা টাস্কফোর্স

| | | |
|---|---|---|
| ১. | স্থানীয় মাননীয় সংসদ সদস্য/সরকার কর্তৃক মনোনীত মাননীয় সংসদ সদস্য | উপদেষ্টা |
| ২. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | উপদেষ্টা |
| ৩. | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ৪. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার | সদস্য |
| ৫. | উপজেলা কৃষি অফিসার | সদস্য |
| ৬. | উপজেলা মৎস্য অফিসার | সদস্য |
| ৭. | উপজেলা প্রকৌশলী | সদস্য |
| ৮. | সংশ্লিষ্ট উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর | সদস্য |
| ৯. | উপজেলা প্রাণিসম্পদ অফিসার | সদস্য |
| ১০. | উপজেলা সমাজসেবা অফিসার | সদস্য |
| ১১. | উপজেলা সমবায় অফিসার | সদস্য |

| | | |
|---|---|---|
| ১২. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার | সদস্য |
| ১৩. | উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ১৪. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ১৫. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ১৬. | অফিসার ইন-চার্জ (ওসি), সংশ্লিষ্ট থানা | সদস্য |
| ১৭. | উপজেলা সাব রেজিষ্ট্রার | সদস্য |
| ১৮. | উপজেলা মহিলা বিষয়ক অফিসার | সদস্য |
| ১৯. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | সদস্য |
| ২০. | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান | সদস্য |
| ২১. | সমাজকর্মী (পুরুষ) {মনোনীত ০১ জন} | সদস্য |
| ২২. | সমাজকর্মী (মহিলা) {মনোনীত ০১ জন} | সদস্য |
| ২৩. | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য সচিব |

## পরিশিষ্ট 'ছ'

**ঋণ প্রদান ও আদায় কমিটি**

| | | |
|---|---|---|
| (১) | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| (২) | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| (৩) | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| (৪) | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| (৫) | সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |
| (৬) | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| (৭) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| (৮) | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান | সদস্য |
| (৯) | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা | সদস্য |
| (১০) | উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| (১১) | স্থানীয় এনজিও প্রতিনিধি | সদস্য |
| (১২) | উপজেলা সমবায় কর্মকর্তা | সদস্য সচিব |

## আশ্রয়ণ-২ প্রকল্প হতে ঋণ গ্রহণের আবেদনপত্র

(দুই কপি দাখিল করতে হবে)

| আবেদনকারীর পাসপোর্ট সাইজের ছবি (২ কপি) |
|---|

উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি
উপজেলা আশ্রয়ণ-২ প্রকল্প ঋণ প্রদান ও আদায় কমিটি

উপজেলা -------------------------------- জেলা ---------------------------------

মহোদয়,

আমি/আমরা প্রকল্পের ঋণ কার্যক্রম নীতিমালা এবং ঋণ গ্রহণ চুক্তির শর্তাদি সম্পূর্ণ অবগত হয়ে এবং মেনে চলার অংগীকার করে প্রকল্প হতে ঋণ প্রাপ্তির আবেদন করছি। আমি/আমরা প্রকল্পের আওতায় প্রশিক্ষণ গ্রহণ করেছি এবং ঋণ গ্রহণের জন্য দল গঠন করেছি। নিম্নে আমার/আমাদের বিস্তারিত তথ্যাদি পরিবেশন করা হ'ল।

০১

| দলের সদস্যদের নাম | পিতার নাম | বয়স | পেশা | সমিতির নাম ও ঠিকানা |
|---|---|---|---|---|
| (ক) | | | | |
| (খ) | | | | |
| (গ) | | | | |
| (ঘ) | | | | |
| (ঙ) | | | | |

০২. ঋণ গ্রহণের উদ্দেশ্য -----------------------------------
০৩. প্রার্থীত ঋণের পরিমাণ --------------------------------
০৪. পরিশোধের পদ্ধতি ---------------- এককালীন/মাসিক/সাপ্তাহিক।
০৫. ঘোষণা/অংগীকারনামাঃ আমি/আমরা এই মর্মে ঘোষণা/অংগীকার করছি যে, অন্য কোন ঋণদানকারী প্রতিষ্ঠানের নিকট আমার/আমাদের কোন দেনা নেই এবং উপরিউক্ত তথ্যাবলী সম্পূর্ণ সত্য ও নির্ভুল।
০৬. আমি/আমরা আরও অংগীকার করছি যে, প্রার্থীত ঋণ মঞ্জুর করা হলে আরোপিত শর্তাবলী যথাযথভাবে মেনে চলব এবং যথাসময়ে ঋণের টাকা/কিস্তি সার্ভিস চার্জ (৭%) সহ পরিশোধ করব। অন্যথায় আমার/আমাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

আবেদনকারী/আবেদনকারীদের নাম ও স্বাক্ষর

| | নাম | স্বাক্ষর |
|---|---|---|
| ১) | | |
| ২) | | |
| ৩) | | |
| ৪) | | |
| ৫) | | |

০৭। আবেদনকারী/আবেদনকারীগণ আমাদের সমিতির সদস্য। তিনি/তারা সমিতির নিয়মকানুন মেনে চলেন। তার/তাদের প্রার্থীত ঋণ মঞ্জুর করা হলে সমিতি কর্তৃপক্ষের পক্ষে ঋণ পরিশোধে সহায়তা দানের অংগীকার করা হল।

-------------------
(স্বাক্ষর)
সম্পাদকের নাম:
সমবায় সমিতির নাম:
মোবাইল:

-----------------
(স্বাক্ষর)
সভাপতির নাম:
সমবায় সমিতির নাম:
মোবাইল:

০৮। ঋণের আবেদনকারী ও সমিতির সম্পাদক এবং সভাপতি আমার সম্মুখে আবেদনপত্র স্বাক্ষর করেছেন।

------------------------
(স্বাক্ষর)
উপজেলা সমবায় অফিসারের নাম:
উপজেলার নাম:

০৯। বর্ণিত ব্যক্তি/দলের অনুকূলে-----------টাকা (কথায়: ---------------------------------) ঋণ মঞ্জুর করা হল। ৭% সার্ভিস চার্জসহ সাপ্তাহিক/মাসিক-------- কিস্তিতে, প্রতি কিস্তিতে প্রত্যেকে--------------- টাকা করে--------------------সংখ্যক কিস্তিতে/এককালীন মোট----------------- টাকা পরিশোধযোগ্য।

প্রথম কিস্তির পরিশোধ আগামী ---------------------------- খ্রিঃ তারিখ হতে আরম্ভ হবে। এককালীন/কিস্তিতে সর্বমোট ------------------ টাকা ------------------------ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে।

(স্বাক্ষর)
উপজেলা নির্বাহী অফিসারের নাম:
সভাপতি
উপজেলা আশ্রয়ণ-২ প্রকল্প ঋণ প্রদান ও আদায় কমিটি
উপজেলা:
মোবাইল:

# আশ্রয়ণ-২ প্রকল্প হতে ঋণ গ্রহণ চুক্তিপত্র

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারী নিম্নবর্ণিত শর্তাদি পালনের অংগীকার করে 'আশ্রয়ণ-২ প্রকল্প' থেকে ---------------------------------------------- টাকা ঋণ গ্রহণের চুক্তিতে আবদ্ধ হলাম।

## ০২। শর্তাদি

(১) উপরে বর্ণিত ঋণ ৭% সার্ভিস চার্জসহ নির্ধারিত কিস্তিতে প্রতি কিস্তি ------------------ টাকা হারে সমান ------------------------- কিস্তিতে পরিশোধ করতে হবে। আগামী----------- খ্রিঃ মাস হতে কিস্তি পরিশোধ আরম্ভ হবে এবং -------------- খ্রিঃ মাসে শেষ হবে।

(২) দলগতভাবে গৃহীত ঋণ পরিশোধের জন্য দলের সম্পূর্ণ টাকা পরিশোধের জন্য একক এবং দলগতভাবে সবাই দায়বদ্ধ থাকবে।

(৩) যে উদ্দেশ্যে প্রকল্প হতে ঋণ গ্রহণ করা হয়েছে, সে উদ্দেশ্য ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে তা ব্যবহার করা যাবে না।

(৪) ঋণ গ্রহণের ১৫ দিনের মধ্যে যে উদ্দেশ্যে ঋণ ব্যবহৃত হচ্ছে তার বিস্তারিত বিবরণ উপজেলা সমবায় অফিসারের মাধ্যমে আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়নে উপজেলা টাস্কফোর্স এর নিকট দাখিল করতে হবে।

(৫) এই চুক্তির কোন শর্ত লংঘন করা হলে ঋণ বিতরণকারী কর্তৃপক্ষ ঋণ গ্রহীতাদের বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপ গ্রহণ করবেন।

০৩। অদ্য --------------------- খ্রিঃ সালের ----------------- তারিখ রোজ ------------- এই চুক্তি সম্পাদন করা হল।

| ঋণ প্রদানকারীর নাম, পদবী ও স্বাক্ষর | | ঋণ গ্রহীতাদের নাম ও স্বাক্ষর |
|---|---|---|
| প্রকল্প পরিচালকের এর পক্ষে<br>উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি | | ১।<br>২।<br>৩। |
| উপজেলা আশ্রয়ণ-২ প্রকল্প ঋণ প্রদান ও আদায় কমিটি,<br>---------------- উপজেলা। | উপজেলা সমবায় অফিসার | ৪।<br>৫। |

০৪। স্বাক্ষীর নাম, ঠিকানা ও স্বাক্ষর

| | নাম | ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১) | | | |
| ২) | | | |
| ৩) | | | |

## আশ্রয়ণ-২ প্রকল্পের ঋণ প্রদান ও পরিশোধ সিডিউল

ঋণ বিতরণ ও আদায়ে নিম্নলিখিত সিডিউল অনুসরণ করতে হবে

| ঋণ প্রদানের ক্ষেত্র | ঋণের সর্বোচ্চ পরিমাণ (প্রতি জন) | পরিশোধ আরম্ভের সময় | কিস্তির ধরন | কিস্তি সংখ্যা | ঋণ পরিশোধের মেয়াদ |
|---|---|---|---|---|---|
| মৎস্য চাষ | ২০০০০/= | ৬ মাস পর থেকে | মাসিক কিস্তি | ৬টি | ৬ মাস |
| ক্ষুদ্র ব্যবসা | ১৫০০০/= | ৪ সপ্তাহ পর থেকে | সাপ্তাহিক কিস্তি | ৪৮টি | ১ বছর |
| হস্ত শিল্প/কুটির শিল্প/মৃৎ শিল্প/নকশী কাঁথা সেলাই | ১৫০০০/= | ৪ সপ্তাহ পর থেকে | সাপ্তাহিক কিস্তি | ৪৮টি | ” |
| সেলাই কাজ ও ডিজাইন | ১০০০০/= | ৪ সপ্তাহ পর থেকে | সাপ্তাহিক কিস্তি | ৪৮টি | ” |
| হাঁস-মুরগী পালন | ৫০০০/= | ১৩ সপ্তাহ পর থেকে | মাসিক কিস্তি | ৩৯টি | ” |
| রিক্সা | ১৫০০০/= | ১ সপ্তাহ পর থেকে | সাপ্তাহিক কিস্তি | ৫২টি | ” |
| ভ্যান গাড়ি | ১৫০০০/= | ১ সপ্তাহ পর থেকে | সাপ্তাহিক কিস্তি | ৫২টি | ” |
| গবাদি পশু পালন | ২০০০০/= | ৬ মাস পর থেকে | মাসিক কিস্তি | ৬টি | ” |
| ওয়েল্ডিং | ১৫০০০/= | ৪ সপ্তাহ পর থেকে | সাপ্তাহিক কিস্তি | ৪৮টি | ” |
| বৈদ্যুতিক কাজ | ১৫০০০/= | ৪ সপ্তাহ পর থেকে | সাপ্তাহিক কিস্তি | ৪৮টি | ” |
| নার্সারী | ১৫০০০/= | ৮ সপ্তাহ পর থেকে | সাপ্তাহিক কিস্তি | ৪৪টি | ” |
| ধান মাড়াইকরণ | ১৫০০০/= | ৪ সপ্তাহ পর থেকে | সাপ্তাহিক কিস্তি | ৪৮টি | ” |
| শাক-সবজি উৎপাদন | ১০০০০/= | ৮ সপ্তাহ পর থেকে | সাপ্তাহিক কিস্তি | ৪৪টি | ১ বছর |
| বাঁশ ও বেতের কাজ/পাটি বুনন | ১০০০০/= | ৪ সপ্তাহ পর থেকে | সাপ্তাহিক কিস্তি | ৪৮টি | ” |
| নাপিত | ৮০০০/= | ২ সপ্তাহ পর থেকে | সাপ্তাহিক কিস্তি | ৫০টি | ” |
| ধাত্রীবিদ্যা | ৫০০০/= | ৪ সপ্তাহ পর থেকে | সাপ্তাহিক কিস্তি | ৪৮টি | ” |
| গ্রামীন সেনেটারী ল্যাট্রিন তৈরী | ২০০০০/= | ৪ সপ্তাহ পর থেকে | সাপ্তাহিক কিস্তি | ৪৮টি | ” |
| অন্যান্য কোন আয় সৃজনকারী কর্ম | ১০০০০/= থেকে ১৫০০০/= এর মধ্যে | ৪/৬ সপ্তাহ পর থেকে | সাপ্তাহিক অথবা কিস্তি | ৪৮/৪৬টি | ৬ মাস থেকে ১ বছর |
| উপরিউক্ত ট্রেডগুলো ছাড়াও ঋণ বিতরণকারী কর্তৃপক্ষ যদি মনে করেন ঋণ গ্রহণেচ্ছু ব্যক্তি যুব উন্নয়ন বা অন্য কোন সংস্থা কর্তৃক অন্য কোন ট্রেডে প্রশিক্ষণপ্রাপ্ত হয়েছেন যার মাধ্যমে তার আয় বৃদ্ধি হবার সম্ভাবনা রয়েছে সেক্ষেত্রে ঋণ বিতরণকারী কর্তৃপক্ষ ঋণের সর্বোচ্চ সীমার মধ্যে থেকে উপযুক্ত সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন। | | | | | |